

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/22/2022

গভর্নর ক্যাথি হোকল

ভোক্তাদেরকে সম্ভাব্য প্রি-পেইড গিফট কার্ড স্ক্যাম থেকে সুরক্ষিত রাখার জন্য গভর্নর হোকলের আইন স্থাক্ষর

এই আইন (A.266A/S.145B) ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য গ্রাহকদেরকে গিফট কার্ড স্ক্যাম সম্পর্কে সতর্ক করে বিজ্ঞপ্তি প্রকাশ করা আবশ্যক করছে

গভর্নর ক্যাথি হোকল আজ একটি আইন (A.266A/S.145B) স্বাক্ষর করেছেন যেটি ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য গিফট কার্ড বিক্রি করার সময় সম্ভাব্য স্ক্যাম সম্পর্কে বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেওয়া আবশ্যক করার দ্বারা গ্রাহকদেরকে স্ক্যামারদের হাত থেকে সুরক্ষিত রাখবে। এই বিল ক্রমবর্ধমান হারে সাধারণ বিষয়ে পরিণত হতে থাকা এক ধরনের চুরির বিরুদ্ধে নিউ ইয়র্কবাসীদেরকে সুরক্ষিত রাখার ব্যাপারে গভর্নর হোকলের অঙ্গীকারাবদ্ধতাকে বিশেষভাবে তুলে ধরছে।

"ছুটির মৌসুম চলাকালীন সময়ে এবং সারা বছর জুড়ে, ভোক্তারা তাদের কন্টার্জিত অর্থকে টার্গেট করা স্ক্যামগুলো থেকে সুরক্ষিত থাকার অধিকার রাখেন," বলেছেন গভর্নর হোকল। "এই আইনে স্বাক্ষর করার মাধ্যমে, আমরা নিউ ইয়র্কবাসীরা যাতে গিফট কার্ডের রূপে তাদের অর্থ চুরি করার প্রতারণাপূর্ণ প্রচেষ্টার ব্যাপারে সতর্ক থাকেন এবং সুরক্ষিত থাকেন সেবিষয়টি নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপসমূহ গ্রহণ করছি।"

আইন A.266A/S.145B সাধারণ ব্যবসার আইন সংশোধন করে যা গিফট কার্ড বিক্রি করছেন এমন খুচরা বিক্রেতাদের জন্য গ্রাহকদেরকে গিফট কার্ড স্ক্যাম সম্পর্কে সতর্ক করে একটি বিজ্ঞপ্তি প্রকাশ করা এবং তারা এধরনের স্ক্যামের শিকার হয়েছেন বলে বিশ্বাস করলে তাদের কী করণীয় সে সম্পর্কে তথ্য প্রদান করা আবশ্যক করেছে।

স্টেট সিনেটর কেভিন টমাস বলেন, "ভোক্তাদের কাছ থেকে অর্থ চুরি করার পদ্ধতি হিসেবে গিফট কার্ডকে ব্যবহার করা স্ক্যামারদের সংখ্যা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য দোকানের মধ্যে ভোক্তাদেরকে সম্ভাব্য গিফট কার্ড স্ক্যাম সম্পর্কে সতর্ক করে সতর্কবার্তা প্রদর্শন করা আবশ্যক করার জন্য আমার বিলটি স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ। এসব পদক্ষেপ গ্রহণ করা গ্রাহকদেরকে এসব স্ক্যামের ব্যাপকতা সম্পর্কে সতর্ক করবে, নিউ ইয়র্কবাসীদেরকে অধিকতর সুরক্ষা প্রদান করবে এবং সম্ভাব্য ভুক্তভোগীদেরকে আর্থিক প্রতারণার শিকার হওয়া থেকে রক্ষা করবে।"

অ্যাসেশ্বলি সদস্য অ্যামি পগুলিন বলেন, "গিফট কার্ডগুলো স্ক্যামারদের জন্য লোকজনের কাছ থেকে চুরি করার একটি সহজ উপায় কারণ সেগুলো ট্রেস করা যায় না। সমস্যাটি সম্পর্কে লোকজনকে সতর্ক করার মাধ্যমে শিক্ষাদান করাই এই সমস্যা সমাধানের চাবিকাঠি। বহু লোক হয়তো জানেন না যে তারা স্ক্যামারদের কথা শুনে গিফট কার্ড কিনছেন। নিউ ইয়র্কবাসীদেরকে গিফট কার্ড স্ক্যাম থেকে সুরক্ষিত রাখার জন্য এই পদক্ষেপ গ্রহণ করায় আমি গভর্নর হোকলের প্রশংসা করি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: <u>www.governor.ny.gov</u>-এ নিউ ইয়র্ক স্টেট। এক্সিকিউটিভ চেম্বার | <u>press.office@exec.ny.gov</u> | 518.474.8418